



সার্কুলার নং: বিজিএ/কাস/২০২৩/২(৮)

তারিখ: ২৩/১১/২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ৱঙ্গানিতিব্য পণ্যচালানের ওজন/কার্টুন/পিস এর পরিমাণ/সংখ্যা সঠিকভাবে লিপিবদ্ধকরণ
প্রসঙ্গে।

সূত্রঃ বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৩/২১২, তারিখ: ১৪/০৯/২০২৩।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জনানো যাচ্ছে যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কিছু সংখ্যক
পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত রঙানিতিব্য পণ্যচালানের দলিলাদিতে পণ্যের
ওজন/কার্টুন/পিস এর পরিমাণ/সংখ্যা অসাবধানতাবশতঃ সঠিকভাবে উল্লেখ করা হচ্ছে না। যার
কারণে কাস্টমস কর্তৃক (Examination) পরীক্ষনকালে রঙানিতিব্য পণ্যচালানের ওজন/কার্টুন/পিস
এর পরিমাণ/সংখ্যার গড়মিল পাওয়া যাচ্ছে। ফলে রঙানি কার্যক্রম স্থগিতকরণসহ অসত্য ঘোষণার
(Misdeclaration) কারণে কাস্টমস আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং
উচ্চহারে অর্থদণ্ড ও বিমোচন জরিমানা ধার্য করছে।

উল্লেখ্য, ইতিপূর্বে সুত্রোক্ত সার্কুলার জারীর মাধ্যমে আপনাদেরকে এ'বিষয়ে অবগত করা হয়েছিল এবং
রঙানিতিব্য পণ্যচালানের ওজন/কার্টুন/পিস এর পরিমাণ/সংখ্যা সঠিকভাবে লিপিবদ্ধ করার জন্য
অনুরোধ জানানো হয়েছে।

উপরোক্ত বিষয়টি যথাযথভাবে প্রতিপালনের জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদাত্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৩/ ২৯২


তারিখঃ ১৪/০৯/২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ৱাণিতব্য পণ্যচালানের ওজন (Weight) সঠিকভাবে লিপিবদ্ধকরণ প্রসঙ্গে।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত রাণীনিতব্য পণ্যের রাণীনি সংক্রান্ত দলিলাদিতে উল্লেখিত পণ্যচালানের ওজন (Weight) এবং উক্ত রাণীনিতব্য পণ্য প্রাইভেট আইসিডিসমূহে কর্মরত কাস্টমস কর্মকর্তা কর্তৃক পরীক্ষনকালে (Examination) উল্লেখিত ওজনের থেকে অনেক ক্ষেত্রে কম/বেশী পাওয়া যাচ্ছে। ফলে রাণীনি কার্যক্রম স্থগিতকরণসহ অসত্য ঘোষণা (Mis declaration) এর কারণে কাস্টমস আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে, যা ইতিমধ্যে বিভিন্ন পত্র-পত্রিকা ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হয়েছে। এতে রাণীনিমূখী পোশাক শিল্প প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।

এমতাবস্থায়, পণ্যচালান রাণীনির উদ্দেশ্যে প্রেরণের পূর্বে পণ্যচালানের কার্টুনের নেট ও এস Weight রাণীনি সংশ্লিষ্ট দলিলাদিতে সঠিক ভাবে লিপিবদ্ধ করা হয়েছে কিনা তা যাচাইয়ের জন্য প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় জরুরী নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদাত্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রাণীনীকারক সমিতি

Shahinur-customs

• বাংলাদেশ তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org